



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্য বিভাগ



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারকনং- ৪৬.১১৩.১০৩.০০.০০.০৮৪.২০১৭/৪৪০

তারিখ : ২৭/০৪/২০২১

বার্তা সম্পাদক
“দৈনিক যুগান্তর”
ঢাকা।

বিষয়: প্রকাশিত সংবাদের আলোকে ঢাকা ওয়াসা'র প্রতিবাদ।

২৬ এপ্রিল, ২০২১ ইং তারিখে আপনার “দৈনিক যুগান্তর” পত্রিকায় “তিন মাসের ছুটিতে তাকসিম- যুক্তরাষ্ট্রে বসেই অফিস করবেন ওয়াসার এমডি” শিরোনামে প্রকাশিত সংবাদটি ঢাকা ওয়াসার দৃষ্টিগোচর হয়েছে। এ বিষয়ে ঢাকা ওয়াসার প্রতিবাদ বক্তব্য নিম্নরূপঃ

প্রকাশিত সংবাদটি কটাক্ষপূর্ণ, উদ্দেশ্য প্রণোদিত এবং বিদ্বেষমূলক। ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক মহোদয় যথাযথভাবে তথা ওয়াসা বোর্ড এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন নিয়েই যুক্তরাষ্ট্রে অবস্থান করবেন এবং অফিসের কাজ ভার্চুয়ালি পরিচালনা করবেন। এক্ষেত্রে নিয়মের কোনো ব্যত্যয় তিনি ঘটাননি। তিনি যুক্তরাষ্ট্রে তাঁর নিজ পরিবারের সাথে সময় কাটাতে এবং চিকিৎসার উদ্দেশ্যে প্রায় দুইবছর পর ছুটি নিয়েছেন। পূর্বের ন্যায় এবারও তিনি ভার্চুয়ালি ওয়াসা পরিচালনার উদ্যোগ নিয়েছেন। বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ গড়ার কারণে ই-নথি, ই-মিটিং সবই এখন ভার্চুয়ালি করা হচ্ছে। তাছাড়া কোভিড-১৯ মহামারির কারণে বর্তমানে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সকল সংস্থায় দাপ্তরিক/প্রশাসনিক কার্যক্রম অনলাইনে হচ্ছে। স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয় যার যথাযথ ব্যাখ্যা দিয়েছেন। ঢাকা ওয়াসাকে সুচারুরূপে পরিচালনার জন্য নিজস্ব দায়িত্ববোধ থেকে তাঁর এই নিরলস উদ্যোগকে নেতিবাচক হিসেবে প্রকাশ করে প্রতিবেদক জনমনে বিভ্রান্তি ছড়ানোর অপচেষ্টা করেছেন, যা খুবই দুঃখজনক।

পরিশেষে প্রতিবেদনটি সম্পর্কে ঢাকা ওয়াসার প্রতিবাদ বক্তব্যটি আপনাদের “দৈনিক যুগান্তর” পত্রিকার পরবর্তী সংখ্যায় হুবহু একই কলামে প্রকাশ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে


২৭/৪/২০২১

এ. এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।